



জনাব মোহাঃ মজিনুর রহমান

জনাব মোহাঃ মজিনুর রহমান ১৭ ডিসেম্বর ২০১৯ খ্রি.তারিখে উপপরিচালক, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ, খুলনা এর দায়িত্বভার গ্রহণ করেন। এর আগে তিনি জেলা মৎস্য কর্মকর্তা হিসেবে রাজবাড়ীতে কর্মরত ছিলেন।

তিনি ১০ম বিসিএস (মৎস্য) ক্যাডারের সদস্য হিসেবে ১৯৯১ সালের ১১ ডিসেম্বর উপজেলা মৎস্য কর্মকর্তা হিসেবে মৎস্য অধিদপ্তরে যোগদান করেন। চাকুরী জীবনে তিনি উপজেলা মৎস্য কর্মকর্তা, হ্যাচারি অফিসার, খামার ব্যবস্থাপক, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সহকারী পরিচালক, প্রশিক্ষণ কর্মকর্তা, হ্যাচারি ম্যানেজার, বাওড় ম্যানেজার, সিনিয়র সহকারী পরিচালক ও জেলা মৎস্য কর্মকর্তা হিসেবে সফলতা ও দক্ষতার সাথে তাঁর দায়িত্ব পালন করেন।

চাকুরি জীবনের শুরুতে ১৯৯৪ সালে তিনি "THE NEEP THANA FISHERIES OFFICER AWARD-1994" লাভ করেন এবং ২০১৭ সালে মৎস্য সম্পদ উন্নয়নে ব্যক্তির অবদান ক্ষেত্রে কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতি স্বরূপ জাতীয় পুরস্কার "জাতীয় মৎস্য পুরস্কার-২০১৭" লাভ করেন। তিনি সরকারি দায়িত্ব পালনের অংশ হিসেবে প্রশিক্ষণ ও শিক্ষা সফরে অংশগ্রহণের জন্য থাইল্যান্ড ও ভিয়েতনাম ভ্রমণ করেন।

তিনি ১৯৭৮ সালে মেমনগর বি.ডি.উচ্চবিদ্যালয়, দর্শনা, চুয়াডাঙ্গা থেকে এসএসসি, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া থেকে এইচএসসি এবং বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিং হহতে বিএসসি ফিশারিজ (অনার্স) ডিগ্রী অর্জন করেন।

জনাব মোহাঃ মজিনুর রহমান, ২২ আগস্ট ১৯৬২ খ্রি. চুয়াডাঙ্গা জেলার এক মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। ব্যক্তিগত জীবনে তিনি বিবাহিত এবং দুই পুত্রের জনক। তাঁর স্ত্রী সাহানা হেলালী মিতা। জ্যেষ্ঠপুত্র মামুনুর রহমান মুন বাংলাদেশ নৌবাহিনীর কমিশন্ড অফিসার এবং কনিষ্ঠ পুত্র সানিনুর রহমান সান বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয় (BUTEX)-এ অধ্যয়নরত।